

রাখাল সঙ্গে গোস্বামীর তিলবনে নৃত্য

নাচে গায় রাখালেরা বলে হরিবোল।
নেচেছে গোস্বামী যেন উন্মত্ত পাগল।।
এক একবার প্রভু উঠেন নৌকায়।
তখন রাখাল হয় পাগলের প্রায়।।
কেহ কেহ বলে 'ভাই পাগল কোথায়?'
'কোথা গেল?' বলে কেহ খুঁজিয়া বেড়ায়।।
যখন সকলে হয় শোকাকুল মন।
তখন পাগল এসে দেন দরশন।।
আসিয়া গৌসাই কহে 'ওরে রাখালেরা।
বল বল হরিবল হে দে রে শালারা।।'
রাখালেরা বলে 'যাহা বল তাতে রাজী।
গো-রাখাল বলে ফেলে যেওনা বাবাজী।।'
রাখালের সঙ্গে সঙ্গে পাগল গৌসাই।
হুকারিয়া নাচে আনন্দের সীমা নাই।।
নাচিতে নাচিতে হরি হরি বলে কাঁদে।
গোস্বামী হুকার ছাড়ি ডাকে হরিচাঁদে।।
কেঁদে কেঁদে তিলবনে লুকাল গৌসাই।
অন্বেষণ করি ফিরে রাখাল সবাই।।
'কোথা গেল' কোথা গেল রাখালের রব।
'পেলেম বা কাঁরে তারে হারাইনু সব।।'
সকল রাখাল মিলে খুঁজে বনে বন।
সবে মিলে তিলবনে করে অন্বেষণ।।
তিল তিল অন্বেষণ করিয়া না পায়।
তাহাতে তিলের চারা গাছ ভেঙে যায়।।
জমিস্বামী নন্দরায় নমঃশূদ্র তিনি।
রাখালে মারিতে যায় ধাইয়া অমনি।।
তিল ভেঙ্গে নাশ কৈলি আমার এ জমি।
যমালয় তোঁদের পাঠাব অদ্য আমি।।'
রাখালেরা বলে 'মারো রায় মহাশয়।
গোস্বামী না পেলে মোরা যাব যমালয়।'

এ বাক্য গোস্বামী যবে শুনিবারে পায়।
'জয় হরি বল' বলে উঠিয়া দাঁড়ায়।।
'এই আমি' 'এই আমি' বলেন গৌসাই।
রাখালেরা বলে 'তাঁরে পেয়েছিরে ভাই।।
ওরে ভাই তিল' আলা মারিবিত মার।
মারাধরা বলে কিছু ভয় নাহি আর।।'
গৌসাই বলেন 'ওরে কে মারিতে চায়?
দেখি কেটা মারে তারে ডেকে ল'য়ে আয়।।
রাখালেরা বলে গিয়া রায়ের গোচরে।
'মার যদি এস বাবা ডেকেছে তোমারে।।'
প্রভু কাছে জোড় করে কহে এই দাই।
'আমার জমিতে এসে নাচছে গৌসাই।।'
রায় কহে 'যাও যাও যে ডাকে তোমারে।
আমার জমির তিল গেছে একেবারে।।
আমার জমিতে আর যেওনা পাগল।
যাও যদি তিল ভেঙ্গে যাইবে সকল।।'
দাই বলে 'এই তিলক্ষেত্র মোর হয়।
নাচ গাও হরিবল যত মনে লয়।।
গোস্বামী বলেছে 'তোমর তিল ভেঙ্গে যাবে।'
দাই বলে 'তিল গেলে তিল দিতে হ'বে।।
যায় যাক্ থাকে থাক্ সামান্য এ তিল।
দয়া করি প্রেমভক্তি দেহ এক তিল।।
একতিল প্রেমভক্তি মোরে যদি দেহ।
পরিপূর্ণ হ'বে গোলা নাহিক সন্দেহ।।
মোর গৃহে না ধরিবে ছড়িয়ে পড়িবে।
ধরায় না ধরিবে বিরজা পার যাবে।।
"শ্লেচ্ছ যবন যারা, মোরে নাহি মানে।
এইযুগে তারাও কাঁদিবে মোর নামে।।"
প্রভুর প্রতিজ্ঞা পূর্বে যাহা যাহা ছিল।
শেষ 'লীলার প্রধান' সব সম্ভবিল।।'
গৌসাই তাহার মুখে হস্ত দিয়া কয়।
'নাচিব তিলের মধ্যে জয় হরি জয়।।